

■■ সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৯১৫

৮/ জুমু'আ (كتاب الجمعة)

পরিচ্ছেদঃ ১১. জুমু'আর পরবর্তী (সুন্নাত) সালাত

باب الصَّلاةِ بَعْدَ الْجُمْعَةِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا غُنْدَرُ، عَنِ ابْنِ جُرَيْجٍ، قَالَ أَخْبَرَنِي عُمَرُ، بْنُ عَطَاءِ بْنِ أَبِي الْخُوَارِ أَنَّ نَافِعَ بْنَ جُبَيْرٍ، أَرْسَلَهُ إِلَى السَّائِبِ ابْنِ أُخْتِ نَمِرٍ يَسْأَلُهُ عَنْ شَيْءٍ، رَآهُ مِنْهُ مُعَاوِيَةُ فِي الْمَقْصُورَةِ فَلَمَّا سَلَّمَ لَرَآهُ مِنْهُ مُعَاوِيَةُ فِي المَقْصُورَةِ فَلَمَّا سَلَّمَ الْإِمَامُ قُمْتُ فِي الْمَقْصُورَةِ فَلَمَّا سَلَّمَ الْإِمَامُ قُمْتُ فِي مَقَامِي فَصَلَّيْتُ فَلَمَّا دَخَلَ أَرْسَلَ إِلَىَّ فَقَالَ لاَ تَعُدْ لِمَا فَعَلْتَ إِذَا صَلَيْتَ الْجُمُعَةَ فَلاَ تَصِلْهَا بِصِلاَةٍ حَتَّى تَكَلَّمَ أَوْ تَخْرُجَ فَإِنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم أَمْرَنَا بِذَلِكَ أَنْ لاَ تُوصِلَ صَلَاةً حَتَّى نَتَكَلَّمَ أَوْ نَخْرُجَ فَإِنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم أَمْرَنَا بِذَلِكَ أَنْ لاَ تُوصِلَ صَلَاةً حَتَّى نَتَكَلَّمَ أَوْ نَخْرُجَ فَإِنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم أَمْرَنَا بِذَلِكَ أَنْ لاَ تُوصِلَ صَلَاةً حَتَّى نَتَكَلَّمَ أَوْ نَخْرُجَ فَإِنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم

বাংলা

১৯১৫। আবৃ বকর ইবনু আবৃ শায়বা (রহঃ) ... উমর ইবনু আতা ইবনু আবুল খুওয়ার (রহঃ) থেকে বর্ণিত। নাফি ইবনু জুবায়র (রহঃ) তাকে সাইব ইবনু উখতে নামির (রহঃ) এর নিকট প্রেরণ করলেন একটি বিষয়ে প্রশ্ন করতে যা সালাত আদায় করার সময় মু'আবিয়া (রাঃ) তার নিকট থেকে লক্ষ্য করেছিলেন। তিনি বললেন, হাঁ। আমি তার সঙ্গে মাকসূরায় জুমু'আহ আদায় করেছি। যখন ইমাম সালাম ফিরালেন, আমি নিজ অবস্থানে দাঁড়িয়ে সালাত পড়ে নিলাম। যখন তিনি (মুআবিয়া) প্রবেশ করলেন তখন আমাকে ডেকে আনলেন এবং বললেন, তুমি আর এরূপ করো না। যখন তুমি জুমুআর সালাত আদায় কর, তখন অন্য কোন সালাত আদায় করো না যে পর্যন্ত কথাবার্তা না বল অথবা বেরিয়ে না যাও। কেননা রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে এরূপ নির্দেশ দিয়েছেন যে, আমরা যেন এ সালাতকে অন্য সালাতের সাথে মিলিয়ে না ফেলি যতক্ষন কথা না বলি অথবা বেরিয়ে না যাই।

English

`Umar b. `Ata' b. Abu Khuwar said that Nafi` b. Jubair sent him to al- Sa'ib the son of Namir's sister to ask him about what he had seen in the prayer of Mu`awiya. He said:



Yes, I observed the Jumu`a prayer along with him in Maqsura and when the Imam pronounced salutation I stood up at my place and observed (Sunan rak`ahs). As he entered (the apartment) he sent for me and said: Do not repeat what you have done. Whenever you have observed the Jumu`a prayer, do not observe (Sunan prayer) till you, have talked or gone out, for the Messenger of Allah () had ordered us to do this and not to combine two (types of) prayers without talking or going out.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ উমর ইবনু আতা (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন